**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
**মুখপাত্র**
**www.sec.gov.bd**

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৯২

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: খসড়া আইপিও রুলস এবং পুঁজিবাজারে সরাসরি তালিকাভুক্তির বিষয়ে রাষ্ট্রীয় মালিকানাধীন ও বহুজাতিক কোম্পানিসমূহের সাথে বিএসইসির বৈঠক প্রসঙ্গে।**

অদ্য ০৮ ডিসেম্বর ২০২৫ তারিখে রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে বিকাল ০৩:০০ ঘটিকায় খসড়া 'Bangladesh Securities and Exchange Commission (Public Offer of Equity Securities) Rules, 2025' এবং পুঁজিবাজারে সরাসরি তালিকাভুক্তির বিষয়ে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সাথে রাষ্ট্রীয় মালিকানাধীন ও বহুজাতিক কোম্পানিসমূহের বৈঠক অনুষ্ঠিত হয়। বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ উক্ত বৈঠকে সভাপতিত্ব করেন। বৈঠকটিতে খসড়া 'Bangladesh Securities and Exchange Commission (Public Offer of Equity Securities) Rules, 2025' সংশ্লিষ্ট বিষয়ে এবং কিভাবে রাষ্ট্রীয় মালিকানাধীন ও বহুজাতিক কোম্পানিসমূহকে পুঁজিবাজারে সরাসরি তালিকাভুক্ত করা যায় সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। বৈঠকে কোম্পানিসমূহের প্রতিনিধিবৃন্দ বিভিন্ন বিষয়ে তাদের মতামত ও পরামর্শ তুলে ধরেন।

বৈঠকে বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ খসড়া আইপিও রুলস এর বিষয়ে কথা বলেন। নতুন রুলসের মাধ্যমে আইপিও সংশ্লিষ্ট রেগুলেটরি ফ্রেমওয়ার্ক এর আধুনিকীকরণ ও শক্তিশালীকরণ করা হয়েছে বলে উল্লেখ করেন তিনি। নতুন রুলসের মাধ্যমে পুঁজিবাজারের তালিকাভুক্তিতে আগ্রহী কোম্পানিগুলো ন্যায্য প্রাইসিং ও ভ্যালুয়েশন এর নিশ্চয়তা পাবেন বলে আশ্বস্ত করেন তিনি। তিনি আরো বলেন, "বহুজাতিক কোম্পানিসহ রাষ্ট্র মালিকানাধীন লাভজনক মৌল ভিত্তিসম্পন্ন কোম্পানিগুলোকে পুঁজিবাজারে সরাসরি তালিকাভুক্তির জন্য মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয় নির্দেশনা দিয়েছেন। নির্দেশনা মোতাবেক কোম্পানিগুলোকে পুঁজিবাজারে আসতে হবে। এক্ষেত্রে সরকারের সর্বোচ্চ পর্যায়ের নির্দেশনা ইতোমধ্যে কোম্পানিগুলোকে জানানো হয়েছে। যত দ্রুত সম্ভব এর বাস্তবায়ন নিয়ে কাজ করতে হবে।"

বিএসইসি'র কমিশনার মুঃ মোহসিন চৌধুরী, বিএসইসি'র কমিশনার ফারজানা লালারুখ, বিএসইসি'র কমিশনার মোঃ সাইফুদ্দিন, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অফ বাংলাদেশ (ICB)-এর ব্যবস্থাপনা পরিচালক নিরঞ্জন চন্দ্র দেবনাথ, আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর প্রধান নির্বাহী কর্মকর্তা মাজেদা খাতুন, আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা শরীফ মোহাম্মদ কিবরিয়া, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) এর উপ-মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) মোহাম্মদ শামীম রানা, সিনোভিয়া ফার্মা পিএলসি এর চিফ ফাইন্যান্সিয়াল অফিসার (CFO) গোলাম রব্বানী আকন্দ, নেভিয়ান লাইফ সায়েন্স পিএলসি (নোভারটিস বাংলাদেশ লিমিটেড) এর ভারপ্রাপ্ত চিফ ফাইন্যান্সিয়াল অফিসার (CFO), কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এর ব্যবস্থাপক মাহমুদা সুলতানা, নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর কোম্পানি সচিব বিমল চন্দ্র রায় ও উপ-মহাব্যবস্থাপক(অর্থ) আবদুল্লাহ্ আল মামুন, সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড এর সহকারী ব্যবস্থাপক হাসান মাহমুদ, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অফ বাংলাদেশ (ICB)-এর এসপিও মকবুল হাসান, আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর এসপিও মোহাম্মদ জহিরুল ইসলাম, বিএসইসির নির্বাহী পরিচালক মোঃ মাহবুবের রহমান চৌধুরী এবং বিএসইসির পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দসহ আরো অনেকে উক্ত বৈঠকে উপস্থিত ছিলেন।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

০৮/১২/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র



